

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ফি সীমার মধ্যে রাখুন

ওয়ার্ল্ড ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক •

জনগণের আয় ও দেশের বাস্তবতা বিবেচনা করে শিক্ষার্থীদের টিউশন ফিসই সব ধরনের ব্যয় একটি নির্দিষ্ট সীমার মধ্যে রাখতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ।

গতকাল রোববার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ওয়ার্ল্ড ইউনিভার্সিটি, অব বাংলাদেশের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে শিক্ষামন্ত্রী এ আহ্বান জানান। বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. জিহুর রহমানের অনুপস্থিতিতে তাঁর প্রতিনিধি হিসেবে মন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান আইন মেনে চলার আহ্বান জানিয়ে নূরুল ইসলাম নাহিদ বলেন, এ আইনের মাধ্যমে ব্যবসা ও প্রভাবশালী পথ রুদ্ধ করা সম্ভব হবে। মন্ত্রী জাতি গঠনে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন।

সমাবর্তনে বক্তৃতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, বাংলাদেশে যে সমাজে আমাদের বসবাস আছে নিয়ে সত্যিকার প্রকাশের কোনো অবকাশ নেই। এই সমাজ ভেতরে-বাইরে নানা ব্যাধির দ্বারা



ওয়ার্ল্ড ইউনিভার্সিটির দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে গতকাল শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এক কৃতী শিক্ষার্থীর পল্লয় পদক পরিচয় দেন

আক্রান্ত। তাকে রুগণ বললে অন্যায় করা হবে না। মুক্তির জন্য আমরা দীর্ঘকাল সংগ্রাম করেছি, কিন্তু মুক্তি আসেনি। তার কারণ, আমরা রাষ্ট্রকে ভাঙতে ও গড়তে পেরেছি; কিন্তু সমাজকে বদলাতে পারিনি।

বিশিষ্ট এই শিক্ষাবিদ আরও বলেন, 'আমরা সেই সমাজ পাইনি যার স্বপ্ন দেখছি। আমাদের নিজেদের সমাজে আজ যা প্রয়োজন, তা সংস্কার নয় মৌলিক পরিবর্তন। একে সম্ভব করে তুলতে সমবেত ও ধারাবাহিক উদ্যোগ চাই।'

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এস এম নজরুল ইসলাম ওয়ার্ল্ড ইউনিভার্সিটির উপাচার্য আবদুল মামান চৌধুরী, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোর্শেদা চৌধুরী, সদস্যসচিব মুশফিক এম চৌধুরী প্রমুখ।

সমাবর্তনে দুই হাজার ৩০০ শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। এর মধ্যে কৃতী শিক্ষার্থী মো. হারুন-অর-রশিদ (মেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) আচার্যের স্বর্ণপদক লাভ করেন।